প্রথম আলো

তারিখ 21 NOV 2015
পৃষ্ঠা ৩ কলাম 2

মেডিকেলে ভর্তির প্রশ্ন ফাঁস মামলা

# গ্রেপ্তার তিন চিকিৎসক সাময়িক বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক, রংপুর ●

মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের অভিযোগে র‍্যাবের হাতে গ্রেপ্তারের পর আসামি হয়ে কারাগারে যাওয়ায় রংপুরের তিন চিকিৎসককে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

বরখাস্ত হওয়া চিকিৎসকেরা হলেন রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের অর্থো-সার্জারি বিভাগের সহকারী রেজিস্ট্রার জিন্নুর রহমান, সার্জারি বিভাগের সহকারী রেজিস্ট্রার শরিফুল ইসলাম ও সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মোস্তাফিজুর রহমান।

রংপুর বিভাগীয় স্বাস্থ্য পরিচালক আনিছুর রহমান গত বৃহস্পতিবার রাতে *প্রথম আলোকে* সাময়িক বরখাস্তের বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, গত সোমবার স্বাস্থ্যসচিব সৈয়দ মঞ্জুরুল ইসলাম স্বাক্ষরিত একটি চিঠিতে বরখাস্তের নির্দেশের বিষয়টি রংপুর বিভাগীয় স্বাস্থ্য পরিচালককে জানানো হয়। তাৎক্ষণিকভাবে বরখাস্ত কার্যকর করা হয়।

গত ২২ সেপ্টেম্বর রংপুর শহরের ধাপ এলাকার দুটি কোচিং সেন্টারে অভিযান চালিয়ে তিন চিকিৎসকসহ সাতজনকে আটক করে র‍্যাব-১৩। চিকিৎসক মোস্তাফিজুর রহমান 'এ ওয়ান কোচিং সেন্টারের' ব্যবস্থাপনা পরিচালক, চিকিৎসক জিন্নুর রহমান ও শরিফুল ইসলাম একই প্রতিষ্ঠানের পরিচালক।